

## কল্পনার বাস্তববাদী —বৈশালী দাস

শব্দের জন্মের আগে কবিরা যে সুরে ছন্দ মেলাতো  
শুধুমাত্র ওইটুকু শিখবো;  
ভালোবাসার জন্মের আগে সঙ্গীবদের প্রাণের  
স্পন্দন কেবল শুনবো;  
আঁধারের জন্মের আগের কালো রঙ দিয়ে কিছু  
জলছবি আঁকবো;  
মেঘেদের জন্মের আগের বৃষ্টিতে কয়েক যুগ ধরে  
ভিজবো;  
সৃষ্টির জন্মের আগের সভ্যতায় একটু জিরিয়ে  
নিয়ে সবশেষে,  
মনুষ্যত্বের মৃত্যুর আগের মানবিকতার রূপ  
দেখবো।

